# লেবাননে হিজবুল্লাহর হামলায় নিহত ইসরায়েলি সেনা



নিহত ইসরায়েলি সেনা দাগান। ছবি: সংগৃহীত

লেবাননের দক্ষিণাঞ্চলে হিজবুল্লাহর ছোড়া গোলার আঘাতে নেগেভ দাগান (২০) নামের এক ইসরায়েলি সেনা নিহত হয়েছেন। বৃহস্পতিবার (১৪ মে) রাতে এ ঘটনা ঘটে। ইসরায়েলি সংবাদমাধ্যম দ্য টাইমস অব ইসরায়েলের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

নিহত দাগান ইসরায়েলি সেনাবাহিনীর গোলানি ব্রিগেডের ১২ নম্বর ব্যাটালিয়নের স্টাফ সার্জেন্ট হিসেবে দায়িত্ব পালন করতেন। তিনি দেকেল এলাকার বাসিন্দা ছিলেন বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়।

এর আগে এপ্রিলের মাঝামাঝি সময়ে যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ইসরায়েল ও লেবাননের মধ্যে যুদ্ধবিরতি কার্যকর হয়। তবে সেই সমঝোতার পরও সীমান্ত এলাকায় উত্তেজনা পুরোপুরি থামেনি। দক্ষিণ লেবাননে ইসরায়েলের অভিযান ও হামলা অব্যাহত থাকায় পাল্টা প্রতিক্রিয়া জানাতে শুরু করে হিজবুল্লাহ।

যুদ্ধবিরতি কার্যকরের পর এখন পর্যন্ত ইসরায়েলের মোট ছয় সেনা নিহত হয়েছেন বলে জানা গেছে।

LENS ASIA